গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(আইন-২ শাখা)
**www.lgd.gov.bd**

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৪.০০২.২০১৭- ৯৭৮৭

তারিখঃ ০৩ অগ্রহায়ন ১৪২৭
১৮ নভেম্বর ২০২০

## সভার নোটিশ

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক প্রেরিত স্থানীয় সরকার প্রতিষ্ঠান (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) নির্বাচন আইনকে যুগোপযোগী করার লক্ষ্যে **স্থানীয় সরকার প্রতিষ্ঠান নির্বাচন আইন, ২০২০** এর বিষয়ে মতামত প্রদানের জন্য মাঠ পর্যায়ের স্থানীয় জনপ্রতিনিধি ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান হতে মতামত/প্রতিবেদন চাওয়া হয়েছে। কিছু কিছু মতামত ইতোমধ্যে পাওয়া গিয়েছে। প্রাপ্ত প্রতিবেদন/মতামত পর্যালোচনার জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৩ নভেম্বর ২০২০ খ্রি. তারিখ সোমবার বিকাল ৪.০০ ঘটিকায় এ বিভাগের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৬০১, ভবন নং-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত হয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: খসড়া আইনের কপি......... ফর্দ (মেইলে প্রেরিত)।

18/11/2020
(মো: মুস্তাফিজুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৪০১৯৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর / দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. উপসচিব (প্রশাসন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ [৩০ (ত্রিশ) জনের আপ্যায়নের অনুরোধসহ]।
২. উপসচিব (নিরাপত্তা-২ শাখা), জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (বর্ণিত কর্মকর্তাদের গাড়িসহ সচিবালয়ে প্রবেশের অনুমতির অনুরোধসহ)।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সহকারী সচিব (আইন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা (গেইট-১/২/৩), বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।